২৪

দৈনিক বাংলা

তারিখ ... 08 JUL ... 1996
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

# প্রধানমন্ত্রীর কাছে ঢাকা ভার্সিটি শিক্ষকদের স্মারকলিপি পেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ বুদ্ধিজীবী পরিবারের বিভিন্ন সমস্যা সমাধানার্থে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বেশ কিছু শিক্ষক রোববার প্রধানমন্ত্রীর বরাবর স্মারকলিপি দিয়েছেন।

স্মারকলিপিতে উল্লেখ করা হয় যে, স্বাধীনতা যুদ্ধে নিহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ বুদ্ধিজীবী, কর্মচারী পরিবারবর্গ আজ চরম সমস্যার সম্মুখীন। ঢাকা শহরে তাদের নিজেদের বাড়ি নেই, তারা ভাতাও পাচ্ছেন না।

স্মারকলিপিতে শহীদ বুদ্ধিজীবী ও কর্মচারীদের পরিবারের, সদস্যদের জন্য স্থায়ী বাড়ি বরাদ্দ, মাসিক ভাতা প্রদানসহ শহীদ পরিবারের দাবিসমূহ বিবেচনার সুপারিশ করা হয়েছে। বিবৃতিতে স্বাক্ষর করেন, বাংলা বিভাগের প্রফেসর রফিকুল ইসলাম, ইংরেজী বিভাগের

(৮–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **স্মারকলিপি পেশ**

প্রফেসর সৈয়দ মঞ্জুরুল ইসলাম, প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী, প্রফেসর ফখরুল আলম, সমাজ বিজ্ঞান বিভাগের ডঃ রাবেয়া খাতুন, হিসাব বিজ্ঞান বিভাগের প্রফেসর জগদীশ চন্দ্র শুক্লাদাস, সমাজ বিজ্ঞান বিভাগের প্রফেসর সাদউদ্দীন প্রমুখ।